

কাজী নূর মোহাম্মদ অন্তঃজেলা গণিত ও বিজ্ঞান অলিম্পিয়াড

দেশ বরেণ্য শিক্ষাবিদ বাংলাদেশের ব্যবসায় শিক্ষার পথিকৃৎ খ্যাত প্রফেসর কাজী মো. নুরুল ইসলাম ফারুকী ২০১১ সালে গ্রামের শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে “প্রফেসর কাজী ফারুকী কল্যাণ ট্রাস্ট” প্রতিষ্ঠা করেন। ট্রাস্টের অধীনে প্রতিষ্ঠা করেন প্রিন্সিপাল কাজী ফারুকী স্কুল এন্ড কলেজ। প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠানগ্ন থেকেই সকল পাবলিক পরীক্ষায় জেলা এবং উপজেলায় শীর্ষস্থান দখল করে আসছে।

প্রফেসর কাজী ফারুকী কল্যাণ ট্রাস্টের অধীনে প্রিন্সিপাল কাজী ফারুকী স্কুল এন্ড কলেজের পরিচালনায় পিএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সমন্বয়ে বেশ কয়েকবার স্কলারশীপ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। যা জেলা এবং উপজেলায় ব্যাপক সুনাম অর্জন করতে সক্ষম হয়েছে। তারই ধারাবাহিকতায় মাধ্যমিক পর্যায়ে কোমলমতি শিক্ষার্থীদের লেখা পড়ায় প্রতিযোগিতামূলক মনোভাব গড়ে তোলার লক্ষ্যে প্রফেসর কাজী ফারুকী কল্যাণ ট্রাস্টের অর্থায়নে প্রিন্সিপাল কাজী ফারুকী স্কুল এন্ড কলেজের পরিচালনায় কাজী নূর মোহাম্মদ অন্তঃজেলা গণিত ও বিজ্ঞান অলিম্পিয়াড শিরোনামে বৃত্তি পরীক্ষা পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ২০১৯ সালের ১৫ই নভেম্বর প্রথম দাপে ষষ্ঠ ও সপ্তম এবং ১৭ই নভেম্বর অষ্টম শ্রেণীর বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল। এ প্রতিযোগিতায় ৩২টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ৬৫০ জন শিক্ষার্থী অংশ গ্রহণ করে। অংশগ্রহণকারী শিক্ষার্থীদের উত্তর পত্র মূল্যায়নের পর নিম্নোক্ত তালিকার শিক্ষার্থীদের বৃত্তিপ্রদানের জন্য মনোনিত করা হল।

নিম্নে কাজী নূর মোহাম্মদ অন্তঃজেলা গণিত ও বিজ্ঞান অলিম্পিয়াডের ফলাফল প্রকাশ করা হল।
উত্তীর্ণদের পুরস্কার বিতরণির তারিখ পরবর্তীতে জানানো হবে।

উল্লেখ্য যে প্রাথমিক শিক্ষার্থীদের যুগোপযোগী ও প্রতিযোগিতামূলক মনোভাব গড়ে তোলার লক্ষ্যে প্রফেসর কাজী ফারুকী কল্যাণ ট্রাস্টের অর্থায়নে কে এফ এস সি শিশু কাননের পরিচালনায় “জয়নব-নাহার কেএফএসসি শিশুকানন বৃত্তি পরীক্ষা” শিরোনামে বৃত্তি কার্যক্রম অব্যাহত আছে।